



তথ্যবিবরণী

নম্বর-২৬৭

সমাজতান্ত্রিক চেতনাবোধ সম্পন্ন গণতান্ত্রিক দেশ হবে বাংলাদেশ

--পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী

রাজশাহী; ০৪ জ্যৈষ্ঠ (১৮ মে):

পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মো: আব্দুল ওয়াদুদ, এমপি বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এই রাষ্ট্র স্বাধীন করেছিল মানুষের কল্যাণের জন্য। তিনি চেয়েছিলেন একটি সমাজতান্ত্রিক চেতনাবোধ সম্পন্ন গণতান্ত্রিক দেশ হবে বাংলাদেশ; যেখানে হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান এবং মুসলিমসহ সকল ধর্মের মানুষ সমান অধিকার পাবে।

আজ শনিবার ( ১৮ মে) বিকালে রাজশাহী পুঠিয়া উপজেলার ধোপাপাড়া কলেজ মাঠে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন বাস্তবায়নে বিআরডিবি'র উদ্যোগে সমবায়ভিত্তিক কৃষি উৎপাদন ও ব্যবস্থাপনা কার্যক্রমের উদ্বোধন ও সমবায়ী কৃষকদের সাথে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

প্রতিমন্ত্রী বলেন, উন্নত বিশ্বের দেশ সমবায় ভিত্তিক উন্নয়ন করছে। তারা সরকারের সহযোগিতা নেয় না। তাদের নিজস্ব ফার্ম, যন্ত্রপাতি আছে। তারা নিজেরাই স্বয়ংসম্পন্ন। কোরিয়া, ভিয়েতনাম আমাদের আইডিয়া ব্যবহার করে নিজেদের পরিবর্তন করে ফেলেছে অথচ আমরা আগের জায়গায় রয়েছি।

তিনি বলেন, বঙ্গবন্ধু সংবিধান রচনার সময় বলেছিলেন, “সংবিধানের ভিত্তি হবে গণতন্ত্র, সমাজতন্ত্র, বাঙালি জাতীয়তাবাদ ও ধর্মনিরপেক্ষতা।” তিনি কিন্তু সমাজতন্ত্র বাদ দেননি। সমাজতন্ত্র ছাড়া পৃথিবীর আপামর জনগণের কল্যাণ হতে পারে না।

তিনি আরও বলেন, যাদের জমি আছে শুধু তারাই সমবায়ী হবে এমনটি নয়, যাদের জমি নেই লেবারের কাজ করে তারাও সমবায়ী হতে পারবে। বঙ্গবন্ধুর স্বপ্নের মডেল ভিলেজ (গ্রাম) তৈরি করতে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানান তিনি।

বিআরডিবি'র মহাপরিচালক আব্দুল গাফ্ফার খানের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তৃতা করেন পুঠিয়া উপজেলা সহকারী কমিশনার (ভূমি) দেবশীষ বসাক, বিআরডিবি'র উপপরিচালক এ.কে.এম জাকিরুল ইসলাম। অনুষ্ঠানে সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি, কৃষক, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া'র সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

.....  
তৌহিদ/আতিক/রুহুল/২০২৪/২০.১০ ঘ.